



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

এবং

সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৮
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৪
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৭
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	২০

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজী প্রোগ্রাম ফেজ-২ এর আওতায় জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত প্রতিষ্ঠানসমূহ (NARS) ও বিভিন্ন বিশ্ববিদ্যালয় কর্তৃক ৫১টি Programme Based Research Grant (PBRG) উপ-প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। বিএআরসি'তে ২০১৭-২০২১ সাল নাগাদ চার বছর মেয়াদে ৩০০ উপজেলার আপডেটেড তথ্য সমন্বয়ে ক্রপ জোনিং প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। ইতোমধ্যে প্রকল্পের প্রায় ৮০% কাজ সম্পন্ন হয়েছে এবং www.cropzoning.gov.bd নামে ওয়েব এপ্লিকেশন ন্যাশনাল ডাটা সেন্টারে হোস্টিং করা হয়েছে। বিএআরসি কর্তৃক নার্সভুক্ত গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত ১০০টি প্রযুক্তি সংকলন করে ১০০ কৃষি প্রযুক্তি এটলাস প্রকাশ করা হয়েছে এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ৪ ফেব্রুয়ারি/২০২১ তারিখে মোড়ক উন্মোচন করা হয়েছে। এছাড়া, গবেষণা ও প্রশিক্ষণে অবদানের জন্য বিএআরসি 'স্বাধীনতা পুরস্কার' ২০২১ অর্জন করেছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

কোভিড-১৯ এর মহামারি ও বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে জাতীয় কৃষি গবেষণা সিস্টেম কর্তৃক ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণ, ঘাত সহিষ্ণু বিভিন্ন ফসলের জাত ও চাষাবাদ প্রযুক্তি উদ্ভাবন ও কৃষক পর্যায়ে হস্তান্তর কার্যক্রম চলমান রাখা সবচেয়ে বড় চ্যালেঞ্জ। গবেষণা ইনস্টিটিউট ও সহযোগী সকল সংস্থাসমূহের গবেষণা কর্মসূচী সমন্বয়, জাতীয় নীতিমালার ভিত্তিতে গবেষণা প্রণয়ন ও অগ্রাধিকার নির্ধারণ, গবেষণা মূল্যায়নে বিএআরসি'র প্রয়োজনীয় জনবলের অভাবও একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া করোনা মহামারির অভিঘাত মোকাবিলায় নার্স প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত আধুনিক স্মার্ট প্রযুক্তিসমূহের সম্প্রসারণ ও সমন্বয়ের মাধ্যমে প্রতি ইঞ্চি অনাবাদি জমি কৃষির আওতায় এনে খাদ্য উৎপাদন বৃদ্ধি অব্যাহত রাখা জরুরী।

ভবিষ্যৎ পরিকল্পনা:

দেশের চাহিদা ভিত্তিক কৃষি গবেষণা কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন, দ্বৈততা পরিহার, গবেষণা কর্মসূচী সমন্বয়, অবকাঠামো ও মানবসম্পদ উন্নয়ন ইত্যাদি ভবিষ্যৎ পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে। ভবিষ্যৎ চাহিদার আলোকে গবেষণার ক্ষেত্র নির্ধারণে “ভিশন ডকুমেন্ট-২০৩০” ও এনএআরএস বিজ্ঞানীদের দক্ষতা উন্নয়নে “মানব সম্পদ উন্নয়ন পরিকল্পনা-২০২৫” ধাপে ধাপে বাস্তবায়ন করা হচ্ছে। জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট সমস্যা এবং কোভিড-১৯ এর মত অন্যান্য প্রাকৃতিক বিপর্যয় মোকাবেলার জন্য জাত ও প্রযুক্তি উদ্ভাবন, কৃষি যান্ত্রিকীকরণ, নিরাপদ কৃষি উৎপাদন বৃদ্ধি চলমান রাখা, কৃষি বিপণন ব্যবস্থার উন্নয়ন সম্পর্কিত গবেষণা কার্যক্রম জোরদারকরণ করা হবে। বিএআরসি কর্তৃক আয়োজিত প্রতিটি প্রশিক্ষণ, সভা, কর্মশালা, সেমিনার এবং অন্যান্য কার্যক্রমের মাধ্যমে কোভিড-১৯ এর মত অন্যান্য প্রাকৃতিক বিপর্যয় মোকাবেলার উদ্যোগ গ্রহণ করা হবে।

২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- নার্স প্রতিষ্ঠানের গবেষণা কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে ২০টি Program-Based Research Grant (PBRG) উপ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রণয়ন;
- নার্স প্রতিষ্ঠানের গবেষণা কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে Program-Based Research Grant (PBRG) উপ প্রকল্পের অগ্রগতি কর্মশালার সুপারিশ বাস্তবায়ন;
- পিবিআরজি উপ প্রকল্পের মাধ্যমে নার্স প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় কর্তৃক ১০টি প্রযুক্তি উদ্ভাবন;
- নার্স প্রতিষ্ঠানের গবেষণা কার্যক্রম সমন্বয়, মানোন্নয়ন ও দ্বৈততা পরিহারের লক্ষ্যে ৮ টি গবেষণা কার্যক্রম পর্যালোচনা কর্মশালা আয়োজন ও সুপারিশ বাস্তবায়ন;
- প্রশিক্ষক প্রশিক্ষণ এর মাধ্যমে এনআরএস কর্তৃক উদ্ভাবিত ২২টি প্রযুক্তি সম্প্রসারণ কর্মকর্তাগণের নিকট হস্তান্তরকরণ;
- সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন নীতি ও পরিকল্পনা বিষয়ক ৩টি কর্মশালা আয়োজন;